# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**04-05-2026** **Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) রাজ্যে পরিবর্তনের আভাস স্পষ্ট। ২০২৬-এর বিধানসভা নির্বাচনে ভোটগণনার গতিপ্রকৃতি অনুযায়ী, ১৯০ টি আসনে এগিয়ে বিজেপি । তৃনমূল কংগ্রেস এগিয়ে রয়েছে ৯৫টি আসনে। আইএসএফ দুটি ও বামেরা একটিতে এগিয়ে। আম জনতা উন্নয়ন পার্টি এগিয়ে রয়েছে দুটি আসনে।

#উত্তরবঙ্গের পাশাপাশি দক্ষিণবঙ্গেও এখনও পর্যন্ত আধিপত্য গেরুয়ার।

# ভবানীপুর কেন্দ্রে এগিয়ে তৃনমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি। নন্দীগ্রামে এগিয়ে বিরোধী দলনেতা,বিজেপির শুভেন্দু অধিকারী।

২) বিজেপি পশ্চিমবঙ্গে নতুন সরকার গড়তে চলেছে বলে প্রত্যয়ী শুভেন্দু অধিকারী। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য ভোট পরবর্তী সময়ে কোনোরকম হিংসায় না জড়ানোর আহ্বান জানিয়েছেন।

#দলীয় কর্মীদের হতাশ না হয়ে গণনার শেষ পর্যন্ত অপেক্ষা করার পরামর্শ মমতা ব্যানার্জির। জয় তাঁদেরই হবে বলে আত্মপ্রত্যয় ব্যক্ত করেছেন তিনি।

৩) স্বচ্ছতার সঙ্গে গণনার কাজ এগিয়ে চলেছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আশ্বাস দিয়েছেন।

oooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনে ভোটগণনার গতিপ্রকৃতি অনুযায়ী সরকার পরিবর্তনের ইঙ্গিত মিলেছে। সর্বশেষ পাওয়া তথ্য অনুযায়ী, ভারতীয় জনতা পার্টি-বিজেপি ১৯২টি আসনে এগিয়ে রয়েছে। তৃনমূল কংগ্রেস এগিয়ে রয়েছে ৯৪টি আসনে। এছাড়াও অল ইন্ডিয়া সেক্যুলার ফ্রন্ট-আইএসএফ এগিয়ে আছে ২টি আসনে। একইসঙ্গে হুমায়ুন কবিরের আম জনতা উন্নয়ন পার্টিও দুটি আসনে এগিয়ে থাকার খবর মিলেছে। একটি আসনে এগিয়ে আছে সিপিআইএম।

*ooooooooooooooooooooooo*

কলকাতার ১১টি আসনের মধ্যে তৃনমূল কংগ্রেস ৬ এবং বিজেপি ৫টিতে এগিয়ে আছে। কলকাতার উত্তরের গণনা নিয়ে নেতাজী ইনডোর স্টেডিয়ামে উপস্থিত আমাদের প্রতিনিধি অভিরূপ ভট্টাচার্য্যের একটি প্রতিবেদন।

(ভিসি -অভিরূপ)

কলকাতা দক্ষিণের সর্বাধিক নজরকাড়া কেন্দ্র ভবানীপুরে নবম রাউন্ড গণনা শেষে তৃনমূল কংগ্রেস প্রার্থী মমতা ব্যানার্জি ১১ হাজার ৪৯৪ ভোটে তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী শুভেন্দু অধিকারীর থেকে এগিয়ে রয়েছে।

এই কেন্দ্রের গণনা নিয়ে আমরা সরাসরি চলে যাব সাখাওয়াত মেমোরিয়াল হাই স্কুলে উপস্থিত আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের কাছে। কাশফিন এই মূহুর্তে ওখানকার কি পরিস্থিতি?

(কাশফিন-ভিসি)

এদিকে, বালিগঞ্জ কেন্দ্রে অষ্টম রাউন্ড গণনা শেষে তৃনমূল কংগ্রেস প্রার্থী শোভন দেব চট্টোপাধ্যায় ৬২ হাজারের বেশি ভোটে এগিয়ে আছে। বেলেঘাটায় তৃণমূল কংগ্রেস প্রার্থী কুনাল ঘোষ ২৫ হাজারের বেশি ভোটে এগিয়ে রয়েছেন। শ্যামপুকুরে বিজেপি প্রার্থী পূর্ণিমা চক্রবর্তী ৩ হাজারের বেশি, এন্টালিতে তৃণমূল কংগ্রেস প্রার্থী সন্দীপন সাহা, নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রিয়াঙ্কা টিব্রেওয়ালের তুলনায় ২৫ হাজারের

বেশি ভোটে এগিয়ে রয়েছেন। জোড়াসাঁকোতে বিজেপি প্রার্থী বিজয় ওঝা বারো হাজার ভোটে এগিয়ে। মানিকতলায় এগিয়ে রয়েছে বিজেপি প্রার্থী তাপস রায় ৫ হাজারের বেশি ভোটে। রাসবিহারীতে বিজেপি প্রার্থী স্বপন দাশগুপ্ত প্রায় অষ্টম রাউন্ডের শেষে তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী তৃণমূল কংগ্রেসের দেবাশিস কুমারের থেকে প্রায় ৬ হাজার ভোটে এগিয়ে। চৌরঙ্গীতে তৃণমূল কংগ্রেস প্রার্থী নয়না বন্দ্যোপাধ্যায় সামান্য ভোটে এগিয়ে। কাশীপুরে বিজেপি প্রার্থী রীতেশ তিওয়ারি, তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী তৃণমূল কংগ্রেসের অতীন ঘোষের থেকে আড়াই হাজারেরও বেশি ভোটে এগিয়ে রয়েছেন। কলকাতা বন্দর বিধানসভা কেন্দ্রে তৃণমূল কংগ্রেস প্রার্থী ফিরহাদ হাকিম বেশ কিছু ভোটে এগিয়ে।

OOOOOOOOOOOOOOOO

উত্তর ২৪ পরগণার বিধাননগর কেন্দ্রে শুধুমাত্র কামারহাটি বাদে সব আসনেই বিজেপি প্রার্থীরা এগিয়ে আছেন।

তৃণমূল কংগ্রেস প্রার্থী সুজিত বসু দেড় হাজারেরও বেশি ভোটে পিছিয়ে রয়েছেন। রাজারহাট-গোপালপুরে বিজেপি প্রার্থী তরুণজ্যোতি তিওয়ারি প্রায় ৬ হাজার ভোটে এগিয়ে রয়েছেন।

বরানগরে বিজেপি প্রার্থী সজল ঘোষ সাড়ে তিন হাজার ভোটে এগিয়ে।

কামারহাটিতে তৃণমূল কংগ্রেস প্রার্থী মদন মিত্র ৭ হাজার ভোটে এগিয়ে।

ব্যারাকপুর আসনে বিজেপি প্রার্থী কৌস্তভ বাগচী প্রথম রাউন্ডের শেষে ৫০০ ভোটে এগিয়ে। হাবড়ায় তৃতীয় রাউন্ডের শেষে সাড়ে ৮ হাজারেরও বেশি ভোটে এগিয়ে রয়েছেন তৃণমূল কংগ্রেসের জ্যোতিপ্রিয় মল্লিক।

অশোকনগরে তৃতীয় রাউন্ডের শেষে তৃণমূল কংগ্রেস প্রার্থী নারায়ণ গোস্বামী ২৩০০ ভোটে এগিয়ে রয়েছেন।

খড়দায় বিজেপি প্রার্থী দ্বিতীয় রাউন্ডের শেষে ২৮৭৯ ভোটে এগিয়ে।

পানিহাটিতে বিজেপি প্রার্থী রত্না দেবনাথ পঞ্চম রাউন্ডের শেষে ১২ হাজার ৫০০ ভোটে এগিয়ে।

বারাসাতে তৃণমূল কংগ্রেসের সব্যসাচী দত্ত তৃতীয় রাউন্ডের শেষে সাত হাজারেরও বেশি ভোটে এগিয়ে।

বাগদায় তৃতীয় রাউন্ডের শেষে বিজেপি প্রার্থী সোমা ঠাকুর ৫ হাজারেরও বেশি ভোটে এগিয়ে রয়েছেন।

বাদুড়িয়ায় পঞ্চম রাউন্ডের শেষে তৃণমূল কংগ্রেস সাড়ে ৮ হাজারেরও বেশি ভোটে এগিয়ে। হিঙ্গোলগঞ্জে বিজেপি প্রার্থী রেখা পাত্র আড়াই হাজারেরও বেশি ভোটে এগিয়ে রয়েছেন। সন্দেশখালিতে তৃণমূল কংগ্রেস প্রার্থী ঝর্না সর্দার এগিয়ে রয়েছেন ২৫৬৮ ভোটে।

বীরভূমের দুবরাজপুর, সিউড়ি, সাঁইথিয়া, দুবরাজপুর ও ময়ূরেশ্বর আসনে বিজেপি প্রার্থীরা এগিয়ে রয়েছেন।

মূর্শিদাবাদে শেষ পাওয়া খবরে বিজেপি – ৬, তৃণমূল কংগ্রেস ১৩, আমনজনতা উন্নয়ন পার্টি- ২, সিপিআইএম- ১ । ভোট গণনার সামগ্রী চিত্র জানতে আমরা সরাসরি চলে যাবো আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুকের কাছে –

( ভয়েস – মামুন)

পশ্চিম বর্ধমানের পান্ডবেশ্বরে বিজেপি প্রার্থী জিতেন্দ্র তিওয়ারী ৩ হাজার ৮১৮ ভোটে এগিয়ে। দুর্গাপুর পূর্বে এগিয়ে আছেন, বিজেপি প্রার্থী চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায়। আসানসোল দক্ষিণ কেন্দ্রে বিজেপি প্রার্থী অগ্নিমিত্রা পাল পঞ্চম রাউন্ডের শেষে ২০ হাজারেরও বেশি ভোটে এগিয়ে। আসানসোল উত্তরে বিজেপি প্রার্থী কৃষ্ণেন্দু মুখোপাধ্যায়, তৃণমূল কংগ্রেস প্রার্থী মলয় ঘটকের থেকে প্রথম রাউন্ডের শেষে ৪১৮৬ ভোটে এগিয়ে।

পূর্ব বর্ধমানে ১৬-টি বিধানসভা কেন্দ্রের মধ্যে ১১-টিতে এগিয়ে বিজেপি। দ্বিতীয় রাউন্ডের শেষে গলসিতে বিজেপি প্রার্থী ৫ হাজারেরও বেশি ভোটে এগিয়ে। ভাতারে বিজেপি প্রার্থী নবম রাউন্ড শেষে এগিয়ে ৫ হাজার ৬০০ ভোটে। বর্ধমান উত্তরে প্রায় চার হাজার ভোটে এগিয়ে তৃণমূল কংগ্রেস প্রার্থী।

পুরুলিয়ার বাঘমুন্ডিতে বিজেপি প্রার্থী রহিদাস মাহাতো ১১ হাজার ৭২৫ ভোটে এগিয়ে। জয়পুরে তৃণমূল কংগ্রেস প্রার্থী ১৩০৪ ভোটে এগিয়ে রয়েছেন। পুরুলিয়া আসনে বিজেপি প্রার্থী সুদীপ

মুখার্জী ৭০৯ ভোটে এগিয়ে রয়েছেন। বান্দোয়ানে বিজেপি প্রার্থী লবসেন বাস্কে ১২৩২ ভোটে এগিয়ে রয়েছেন। রঘুনাথপুরে বিজেপি এগিয়ে রয়েছে ১৬৫৮ ভোটে।

oooooooooooooooooooo

ঝাড়গ্রাম জেলার চারটি বিধানসভা কেন্দ্রেই এগিয়ে বিজেপি।

দার্জিলিং ও কালিম্পং আসনে ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চার প্রার্থীরা এগিয়ে রয়েছেন। শিলিগুড়িতে এগিয়ে রয়েছেন বিজেপি প্রার্থী শঙ্কর ঘোষ।

আলিপুরদুয়ারে ৫ টি বিধানসভা কেন্দ্রেই এগিয়ে রয়েছেন বিজেপি প্রার্থীরা। জলপাইগুড়ি থেকে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েস – চন্দনা)

মালদার তৃতীয় রাউন্ডের গণনার শেষে চাঁচল বিধানসভায় কেন্দ্রে ১৯ হাজার সাতশো ভোটে এগিয়ে তৃণমূল কংগ্রেস প্রার্থী প্রসূন বন্দ্যোপাধ্যায়। গাজলে ৪৯৬ ভোটে এগিয়ে বিজেপি প্রার্থী চিন্ময় দেব বর্মণ। হরিশ্চন্দ্রপুর আসনে ৮১৫১ ভোটে এগিয়ে তৃণমূল প্রার্থী মতিবুর রহিমান। হবিবপুর কেন্দ্রে ৩৭৩১ ভোটে এগিয়ে বিজেপি প্রার্থী জোয়েল মুর্মু। মালতীপুরে ৩৩০৫ ভোটে এগিয়ে তৃণমূল প্রার্থী আব্দুর রহিম বক্সী। মানিকচকে ১৩ হাজার ৩১০ ভোটে এগিয়ে বিজেপি প্রার্থী গৌরচন্দ্র মণ্ডল। মোথাবাড়িতে ৪৬৮৩ ভোটে এগিয়ে বিজেপি প্রার্থী নিবারণ ঘোষ। রতুয়া আসনে ৮৬৭২ ভোটে এগিয়ে বিজেপি প্রার্থী অভিষেক সিংহানিয়া। সুজাপুর কেন্দ্রে ১১২২৭ ভোটে এগিয়ে তৃণমূল প্রার্থী সাবিনা ইয়াসমিন। মালদহ আসনে বিজেপি প্রার্থী ২৮৯৫ ভোটে এগিয়ে রয়েছেন। সবং আসনে বিজেপি প্রার্থী ৬৯৩ ভোটে এগিয়ে রয়েছেন।

কোচবিহারের দিনহাটায় কেন্দ্রে তৃতীয় রাউন্ডের গণনার শেষে বিজেপি প্রার্থী অজয় রায়, তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী তৃণমূল কংগ্রেসের উদয়ন গুহ’র থেকে ৫৫৭৫ ভোটে এগিয়ে। মাথাভাঙায় বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিক ৫৮০০-রও বেশি ভোটে এগিয়ে রয়েছেন। কোচবিহার দক্ষিণে তৃণমূল কংগ্রেস প্রার্থী অভিজিৎ দে ভৌমিক ৩৩৭০ ভোটে এগিয়ে রয়েছেন। নাটাবাড়ি আসনে বিজেপি এগিয়ে ৩০৬৩ ভোটে।

হুগলীর উত্তরপাড়ায় বিজেপি প্রার্থী দীপাঞ্জন চক্রবর্তী ৩ হাজার ভোটে এগিয়ে রয়েছেন

চুঁচুড়ায় বিজেপি প্রার্থী সুবীর নাগ ৩২১ ভোটে এগিয়ে রয়েছেন। তারকেশ্বরে তৃণমূল কংগ্রেস প্রার্থী রামেন্দু সিংহরায় ২৮০ ভোটে এগিয়ে রয়েছেন। শ্রীরামপুরে তৃণমূল কংগ্রেস এগিয়ে ৮২৪ ভোটে। চন্দননগরে বিজেপির দীপাঞ্জন গুহ ৯২২ ভোটে এগিয়ে।

বাঁকুড়ার ওন্দা বিধানসভায় বিজেপি প্রার্থী এগিয়ে। বাঁকুড়া বিধানসভায় বিজেপি প্রার্থী নীলাদ্রি শেখর দানা ৪৩ হাজারের বেশি ভোটে এগিয়ে।

বিষ্ণুপুরে বিজেপি প্রার্থী শুক্লা চ্যাটার্জী এগিয়ে রয়েছেন। বাঁকুড়া আসনে দ্বিতীয় রাউন্ডের শেষে বিজেপি প্রার্থী নীলাদ্রী শেখর দানা ৫ হাজারেরও বেশি ভোটে এগিয়ে রয়েছেন। তালড্যাংরায় বিজেপি প্রার্থী শৌভিক পাতা ৫৩০ ভোটে এগিয়ে রয়েছেন। রানীবাঁধে বিজেপি প্রার্থী ক্ষুদিরাম টুডু প্রায় ৮৮৫১ ভোটে এগিয়ে রয়েছেন।

oooooooooooooooooooooo

নির্বাচন কমিশন, জনগনের হিতেই কাজ করছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। আজ কিছুক্ষন আগে সাংবাদিকদের তিনি বলেন, সংবিধানই জনস্বার্থে নিরপেক্ষ কাজ করার অধিকার দিয়েছে। সেখানেই ব্যক্তিগত স্বার্থসিদ্ধির কোনো স্থান নেই।

এর আগে, শ্রী আগরওয়াল বলেন, রাজ্যে ভোটগণনা স্বচ্ছতার সঙ্গেই চলছে। ৯৩ শতাংশ ভোটদানের হার দৃষ্টান্ত স্থাপন করেছে।

এদিকে, নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে রাজ্যে ভোটগণনা সুষ্ঠুভাবেই হচ্ছে। এখনও পর্যন্ত অপ্রীতিকর কোনও ঘটনার খবর নেই বলে জানিয়েছেন অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী।

oooooooooooooooooooooo

ভবানীপুর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী, দলনেত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন, ১০০ টি জায়গায় পরিকল্পনা করে গণনা বন্ধ করে রাখা হয়েছে। নির্বাচন কমিশন ইচ্ছেমতো কেন্দ্রীয় বাহিনীকে ব্যবহার করছে। দলীয় কর্মীদের মনোবল ধরে রাখার বার্তা দিয়েছেন তিনি, দিন শেষে

তৃনমূল কংগ্রেসের জয়ের ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। দলীয় কর্মীদের গণনা কেন্দ্র না ছাড়ার নির্দেশ দিয়েছেন তিনি।

বাইট-মমতা

রাজ্যে বিজেপিই সরকার গঠন করতে চলেছে বলে ভবানীপুর ও নন্দীগ্রাম কেন্দ্রের বিজেপি প্রার্থী, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন। তবে ফলাফল যাই হোক না কেন, শান্তি বজায় রাখার জন্য সকলের কাছে আবেদন জানান তিনি।

রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য্য জানিয়েছেন, পশ্চিমবঙ্গবাসীর কাছে রাজনৈতিক সংস্কৃতি পরিবর্তনের সুযোগ এসেছে। ভোট পরবর্তী সময় কোনরকম হিংসায় না জড়ানোর জন্য সকলের প্রতি আবেদন জানান তিনি।

(বাইট-শমীক)

রাজ্যের মানুষ বিজেপির প্রতি যে সমর্থন দেখিয়েছেন, দল তার যোগ্য সম্মান দেবে বলে মন্তব্য করেছেন খড়্গাপুরের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ।

ooooooooooooooooooooo

সাংবাদিক শিপ্রা সেন সাহা প্রয়াত।

দীর্ঘদিন আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সঙ্গে যুক্ত ছিলেন তিনি। দিন কয়েক ধরে তিনি ইনফ্লুয়েঞ্জায় ভুগছিলেন ।

আজ ভোরে দক্ষিণ কলকাতার একটি বেসরকারি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। কাজপাগল, সদা হাসিখুশি আর প্রাণচঞ্চল এই মানুষটির আকস্মিক চলে যাওয়ায় আমরা শোকাহত।

oooooooooooooooooo

oooooooooooooooooo